দৈনিক বাংলা

তারিখ 04 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ২

125

20

### ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ব্যারিকেড

# ছাত্রলীগ-পুলিশ বন্দুক যুদ্ধ।। আহত ২০

**স্টাফ রিপোর্টার** ঃ চট্টগ্রাম, ৩ নবেম্বর।– সোমবার মিরেরসরাইতে ছাত্র-পুলিশ সংঘর্ষের জের হিসাবে পুলিশ দু'জন ছাত্রলীগ কর্মীকে গ্রেফতার করলে দলীয় কর্মীরা আজ মঙ্গলবার বেলা ১২টা থেকে ঢাকা–চট্টগ্রাম মহাসড়কে ব্যারিকেড সৃষ্টি করে। মিরেরসরাই থানার কাছে বারইয়ারহাটে পুলিশ তাদের ব্যারিকেড তুলে নেয়ার অনুরোধ জানালেও তারা ব্যারিকেড তুলে নেয়নি। এক পর্যায়ে পুলিশের সঙ্গে তাদের সংঘর্ষ বাধে। পুলিশ কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। এরপর বিক্ষুব্ধ কর্মীরা পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে লিপ্ত হয়। পুলিশ

(আটের পাতায় ৭-এর কঃ দ্রঃ)

## ছাত্রলীগ-পুলিশ

(প্রথম পৃষ্ঠার পর)

৩৫ রাউন্ড ফাঁকা গুলি করে। ছাত্রলীগ কর্মীরা অর্ধ শতাধিক গুলি করেছে। দু'পক্ষের বন্দুকযুদ্ধে ২০ জন আহত হয়েছে। তার মধ্যে গুলিবিদ্ধ ৫ জনকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হচ্ছে রুবেল, শহীদ, জহির, হিরালাল ও শাহীন।

রাত ১০টায় এই রিপোর্ট লেখা পর্যন্ত ঢাকা–চট্টগ্রাম মহাসড়কে ব্যারিকেড সৃষ্টি করে রাখা হয়েছে। ফলে শত শত বাস, ট্রাক, কোস্টার আটকা পড়ে আছে।

ফলে শিশু ও মহিলাসহ যাত্রীরা অবর্ণনীয়দুর্দশারমধ্যেপড়েছে।